JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/22/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো হাডসন ভ্যালির গ্লোবাল ফাউন্ড্রিজ (GLOBALFOUNDRIES) ফ্যাব্রিকেশন প্ল্যান্ট আয়ত্তে আনতে এবং সংরক্ষণ করতে অন সেমিকন্ডাক্টরের (ON SEMICONDUCTOR) সাথে চুক্তি ঘোষণা করেছেন

চিপ ফ্যাব নির্মাতা মধ্য-হাডসন অঞ্চলে তাদের বৃহত্তম এবং সর্বাধুনিক প্রযুক্তি সম্বলিত সেমিকন্ডাক্টর কারখানা তৈরি করবে

সংস্থাটি প্রায় 150টি নতুন চাকরি যোগ করার পরিকল্পনা করেছে এবং ডাচেস কাউন্টির ফেসিলিটিতে অন্তত 950টি বিদ্যমান চাকরির বজায় রাখবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে বিশ্বব্যাপী গ্রাহক ভিত্তিক একটি ফরচুন 500 (Fortune 500) সংস্থা, অন সেমিকন্ডাক্টর, নিউ ইয়র্ক স্টেটের ডাচেসস কাউন্টির ইস্ট ফিশকিলে, বিদ্যমান গ্লোবাল ফাউন্ড্রিজ ফ্যাব 10 উৎপাদন ফেসিলিটিটি কিনে এবং সংরক্ষণ করে নিউ ইয়র্কে তাদের কার্যকলাপ প্রসারিত করবে। অন সেমিকন্ডাক্টর তার প্রথম 300মিমি চিপ উৎপাদন কারখানা স্থাপন করার জন্য ইস্ট ফিশকিল ফেসিলিটিতে 10 বছরেরও বেশি সময় ধরে 720 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে, এটি স্বয়ংচালিত বিদ্যুতায়ন, 5G মোবাইল নেটওয়ার্ক, ক্লাউড কম্পিউটিং এবং বিকল্প শক্তি সহ, বিদ্যুৎ ব্যবস্থাপনার ক্ষেত্রে সংস্থার কৌশলগত বৃদ্ধিকে আরও উদ্দীপিত করে।

"নিউইয়র্ক স্টেটে তাদের কার্যকলাপ প্রসারিত করতে ও বৃদ্ধি করার যে সিদ্ধান্ত অন সেমিকন্ডাক্টর নিয়েছে তা প্রমান করে যে আমাদের অভিনব অর্থনীতিতে করা বুদ্ধিদীপ্ত বিনিয়োগগুলি কাজ করছে এবং নিউ ইয়র্কের অভূতপূর্ব বৃদ্ধিকে উদ্দীপিত করছে", **গভর্নর কুওমো বলেন।** "আমরা খুশি যে অন সেমিকন্ডাক্টর এখানে তার শিকড় আরো গভীরভাবে স্থাপন করার এবং নিউ ইয়র্ক স্টেটের প্রতি তাদের অঙ্গীকারবদ্ধতাকে আরো দৃঢ় করার সিদ্ধান্ত নিয়েছে।"

"অন সেমিকন্ডাক্টরের সাথে এই চুক্তি হাডসন ভ্যালিতে উচ্চ-প্রযুক্তির শিল্পকে অগ্রসর করা অবিরত রেখেছে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হকুল বলেন।** "সংস্থার বিনিয়োগ নিউ ইয়র্ক স্টেটের চিপ উৎপাদনকে আরো অগ্রসর করবে এবং 100টিরও বেশি চাকরি তৈরি করবে এবং ডাচেস কাউন্টিতে প্রায় 1,000 জনকে বহাল রাখবে। আমরা শিল্পের ক্রমবর্ধমান বৃদ্ধি এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিকে শক্তিশালী করার প্রতি অঙ্গীকারবদ্ধ।"

গ্লোবাল ফাউন্ড্রিজ তার নিজের ব্যবসাকে রূপান্তরিত করতে এবং বৃদ্ধি ত্বরান্বিত করার জন্য বিভিন্ন প্রযুক্তিতে বিনিয়োগের সাথে, সংস্থাটি ফ্যাব 10 থেকে তাদের অন্য ফেসিলিটীতে তাদের উৎপাদন স্থলে উৎপাদন স্থানান্তর করবে, যার মধ্যে রয়েছে মাল্টায় অবস্থিত ফ্যাব 8। স্টেট গ্লোবাল ফাউন্ড্রিজ এবং অন সেমিকন্ডাক্টরের মধ্যে 3.5 বছরের রূপান্তরণের পথ সুরক্ষিত করতে সহায়তা করেছে যা ফ্যাব 10 এর ক্রিয়াকলাপ অবিরত থাকবে এবং ইস্ট ফিশকিল ফেসিলিটিতে 720 মিলিয়ন মার্কিন ডলার নতুন মূলধন ব্যয় নিশ্চিত করবে। রূপান্তর সময়ের শেষে, অন সেমিকন্ডাক্টর গ্লোবাল ফাউন্ড্রিজের থেকে কমপক্ষে 950 জন কর্মচারী নিয়োগ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ যারা সরাসরি ফ্যাব 10 এর কাজকর্মকে সমর্থন করে এবং মধ্য-হাডসন অঞ্চলে প্রায় 150টি নতুন, ভাল বেতন প্রদান করে এমন কাজ তৈরি করার পরিকল্পনা করে।

অন সেমিকন্ডাক্টরের অঙ্গীকারের বিনিময়ে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) ফ্যাব 10 এর সম্পত্তি, ফেসিলিটি এবং নির্দিষ্ট কিছু উত্পাদনের সরঞ্জাম কেনার জন্য 17.5 মিলিয়ন মার্কিন ডলার অবধি অনুদান হিসেবে এবং তার বিনিয়োগের সাথে সম্পর্কিত 22.5 মিলিয়ন মার্কিন ডলার এক্সেলসিয়র জবস প্রোগ্রাম ট্যাক্স ক্রেডিটের, দশ বছর ধরে নিয়োগ এবং গবেষণা ও উন্নয়নের জন্য প্রদান করার প্রস্তাব করেছে। অনুদান এবং এক্সেলসিয়র ট্যাক্স ক্রেডিট উভয়ের প্রাপ্তি অন সেমিকন্ডাক্টর তার চাকরি এবং বিনিয়োগ প্রতিশ্রুতি পূরণ করার উপর নির্ভরশীল।

গ্লোবাল ফাউন্ড্রিজ এবং অন সেমিকন্ডাক্টর একটি ফাউন্ড্রি সরবরাহ ব্যবস্থায় প্রবেশ করবে যেখানে গ্লোবাল ফাউন্ড্রিজ ফ্যাব 10 এ 2019 সালের মাঝামাঝি থেকে ফ্যাব 10 এ সেমিকন্ডাক্টর-নির্দিষ্ট চিপস তৈরি করবে 2022 সাল অবধি, অন সেমিকন্ডাক্টর প্রতি বছর কর্মী এবং সরঞ্জামের ইনস্টলেশন বৃদ্ধি করার সাথে সাথে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "আমরা মিড-হাডসন অঞ্চলে অন সেমিকন্ডাক্টরের সম্প্রসারণকে সমর্থন করতে পেরে আনন্দিত, যা নিউ ইয়র্ক স্টেটে উচ্চ-বেতনের উৎপাদন সম্পর্কিত চাকরিগুলি বহাল রাখবে এবং ভবিষ্যতের বৃদ্ধি এবং উন্নয়নের জন্য সংস্থার পরিকল্পনাকে সমর্থন করবে।"

"এই প্রসারণের ফলে বর্ধিত ক্ষমতা এবং কর্মক্ষমতা স্তর হল গুরুত্বপূর্ণ বাজারের প্রয়োজনসমূহ মেটানোর জন্য আমাদের উত্তর", **কেইথ জ্যাকসন, অন সেমিকন্ডাক্টরের সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা, বলেন।** "এই প্রসারণ এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট থেকে সমর্থন এবং অনুদান ছাড়া এবং আমাদের সাথে অংশীদারিত্ব করার জন্য তাদের ইচ্ছা ছাড়া সম্ভব হত না।"

"এই রাজ্যে সেমিকন্ডাক্টর সম্পর্কিত চাকরি ও উৎপাদনকে তৈরি এবং উন্নয়নের জন্য একত্রে যে 10 বছরেরও বেশি সময় ধরে আমরা কাজ করেছি, সেই সময়ে গ্লোবাল ফাউন্ড্রিজ এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এক শক্তিশালী অংশীদারিত্ব গড়ে তুলেছে", **টম কলফিল্ড, গ্লোবাল ফাউন্ড্রিজের চিফ একজেকিউটিভ অফিসার বলেন.** "আমরা এই লেনদেনটি সব পক্ষের জন্যই প্রকৃত জয় হিসাবে দেখি। নিউ ইয়র্ক স্টেটের জন্য এটি কয়েক দশক ধরে প্রতিভা ও উৎপাদন সম্পর্কিত কাজ বজায় রাখতে সাহায্য করে, অন সেমিকন্ডাক্টরকে তাদের প্রথম 300 মিমি ফেসিলিটি প্রতিষ্ঠা করার জন্য

এবং গ্লোবাল ফাউন্ড্রিজের জন্য এটি একটি জয়ের কারণ এটি আমাদের ফ্যাব ৪ মাল্টা, নিউ ইয়র্ক ফেসিলিটিতে আরো বিনিয়োগ করার জন্য সংস্থানসমূহ মুক্ত করে, ইস্ট ফিশকিলের প্রতিভাশালী কর্মীবলকে বহাল রাখার সাথে সাথে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD) নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা। ESD মিশন একটি জোরালো এবং অবিরত উন্নয়নশীল একটি অর্থনীতির প্রচার করা, নতুন চাকরির সৃষ্টি এবং অর্থনৈতিক সুযোগকে উৎসাহ দেওয়া, রাজ্য এবং তার পৌরসভার জন্য রাজস্ব বৃদ্ধি করা, এবং স্থিতিশীল এবং বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরণের আর্থিক সহায়তা ব্যবহার করে, ESD ব্যক্তিগত ব্যবসার বিনিয়োগ এবং বৃদ্ধি বর্ধন করার চেষ্টা করে এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে সমৃদ্ধ সমাজগুলিকে সমর্থন করে। এছাড়াও, ESD গভর্নর কুওমোর আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলির (Regional Economic Development Councils) এবং "আই লাভ নিউ ইয়র্ক (I LOVE NY)", এর কিংবদন্তীসম পর্যটন ব্র্যান্ডের বিপণনের প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কিত আরো তথ্যের জন্য www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov এ যান।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন